আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

মে, ২০২০ঈসায়ী

আল-ফিরদাউস

সংবাদ সমগ্র

মে, ২০২০ঈসায়ী

সূচীপত্র

৩১শে মে, ২০২০

ফিলিস্তিনিদের মসজিদে ইবরাহীমীতে ঢুকতে বাধা দিচ্ছে সন্ত্রাসী ইসরাইল।

ফিলিস্তিনের পশ্চিম তীরের হেব্রনে অবস্থিত আল্লাহর নবী হযরত ইবরাহীম আলাইহিস সালাম এর স্মৃতিবিজড়িত মসজিদ আল ইবরাহীমীতে মুসলিমদেরকে প্রবেশ করতে বাধা দিচ্ছে ইহুদিবাদী অবৈধ রাষ্ট্র ইসরাইলের সেনারা।

২৫ মে সোমবার প্রধানমন্ত্রী মোহাম্মদ ইশতিয়্যাহ পশ্চিম তীরের বাইতে লাহামে সর্বপ্রথম করোনা আক্রান্ত রোগী পাওয়া যাওয়ায় মার্চ মাস থেকে পশ্চিম তীরের ফিলিস্তিনি অংশে আরোপিত দীর্ঘ দুই মাস লকডাউনের ইতি ঘোষণা করেছেন।এ সময় তিনি সবাইকে নিজেদের স্বাভাবিক জীবনযাপনে ফিরে যাওয়ার লক্ষ্যে গীর্জা এবং মসজিদগুলোও উন্মুক্ত করে দেওয়ার ঘোষণা দিয়েছিলেন।

ডাব্লিউএএফএ'র তথ্যমতে, ইহুদিবাদী অবৈধ রাষ্ট্র ইসরাইলের সেনারা সমস্ত সামরিক চেকপোস্ট এবং মসজিদ আল ইবরাহীমীতে যাওয়ার ইলেকট্রনিক গেইটগুলো বন্ধ করে দিয়েছে। এবং বৈধ পন্থায় সীমানা পার হয়ে নামাজ পড়তে আসা মুসলিমদেরকে সেখানে প্রবেশ করতে তারা বাধা দিচ্ছে।

স্থানীয় সূত্রে জানা যায়,নামাজ পড়তে আসা মুসলিমদেরকে ক্রমাগত বাধা দেওয়ায় মসজিদের বাইরের অংশে নামাজ পড়তে গিয়ে আটকে যাওয়া মানুষের বিশাল জনসমাগম হয়ে গিয়েছে। ইহুদিবাদী সেনারা তখন শুধুমাত্র ৫০ জন লোককে ভিতরে প্রবেশ করার অনুমতি দিয়েছিলো।

মসজিদের পরিচালক হেফজী আবু স্নিনিহ ইহুদিবাদী ইসরাইলের এসমস্ত পদক্ষেপের কঠোর নিন্দা করেছেন। এসময় তিনি পবিত্র স্থানগুলোতে ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করণে যে আন্তর্জাতিক চুক্তি রয়েছে তা লঙ্ঘনের ব্যাপারে কড়া হুশিয়ারী উচ্চারণ করেন।

আল-খলিল ওয়াক্ফ বোর্ডের পরিচালক আবু সানিনা বলেছেন, ইব্রাহিমি মসজিদে নামাজ পড়তে আসা বহু মুসল্লিকে ভেতরে ঢুকতে দেওয়া হয় নি। আশেপাশের তল্লাশি চৌকিগুলো থেকেই তাদেরকে ফেরৎ পাঠানো হয়েছে। এছাড়া ইব্রাহিমি মসজিদ থেকে আজানও প্রচার করতে দেওয়া হয় নি। তিনি বলেন, এ ধরণের নানা অন্যায় পদক্ষেপের মাধ্যমে এই মসজিদে মুসল্লিশূন্য করা পায়তারা চালানো হচ্ছে।

আবু সানিনা বলেন, ইব্রাহিমি মসজিদে ফিলিস্তিনিদের প্রবেশে বাধা দিয়ে ইসরাইল আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে। তারা এ মাধ্যমে ইসলামি পবিত্র স্থানগুলোর ওপর আঘাত করছে।

গত মঙ্গলবারও ইব্রাহিমি মসজিদে মুসল্লিদের প্রবেশে বাধা দেয় দখলদার বাহিনী। তারা সেদিন মাত্র ৫০ জন ফিলিস্তিনিকে মসজিদে ঢুকতে দিয়েছিলো।

সূত্র : ইনসাফ টুয়েন্টিফোর ডটকম।

ফিলিস্তিনির সঙ্গে কোনো অস্ত্র ছিল না, হত্যার পর ইসরাইলের স্বীকারোক্তি

গতকাল ৩০ মে দখলদার ইসরাইলি বাহিনীর গুলিতে পূর্ব বায়তুল মুকাদ্দাস বা জেরুজালেমে আইয়াদ হাল্লাক নামে এক ফিলিস্তিনি বিশেষ চাহিদাসম্পন্ন স্কুলে যাওয়ার সময় গুলি করে শহীদ করা হয়েছে। অস্ত্র বহনকারী সন্দেহে তাকে গুলি করা হলেও পরে জানা গেছে তার সঙ্গে কোন অস্ত্র ছিল না।

খবর মিডলইস্ট মনিটর।

গত সপ্তাহে জেরুজালেমে ইসরাইলি গাড়িতে হামলা করতে পারে এ সন্ধেহে এক ফিলিস্তিনি যুবকে গুলি করে হত্যা করে। এ ঘটার এক সপ্তাহ পার হতে না হতেই এই বর্বর হত্যাকাণ্ডের ঘটানা ঘটায় বিশ্ব সন্ত্রাসীদের ক্রীড়নক ইসরাইল। ইসরাইলি সংবাদমাধ্যম চ্যানেল থার্টিন নিউজ বলেছে, নিহত ব্যক্তি নিরস্ত্র ছিলেন এবং তার হয়তো মানসিক সমস্যা থাকতে পারে।

ইসরাইলি সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, নিরস্ত্র অবস্থায় পাওয়া এই ব্যক্তিকে ধাওয়া করার সময় ভয় পেয়ে দৌড়ে পালাতে থাকার সময় গুলি করে হত্যা করা হয়েছিলো।

ইসরাইলি পুলিশের মুখপাত্র মিকি রোজেনফেল্ড জানিয়েছেন,শনিবার সকালে পূর্ব জেরুজালেমে এই ঘটনা ঘটেছে। তিনি বলেন, পুলিশের টহল ইউনিট এক ব্যক্তির হাতে পিস্তলের মতো বস্তু থাকার সন্দেহ করে ধাওয়া করে। ধাওয়া খেয়ে ওই ব্যক্তি দৌড়ে পালাতে চেষ্টা করলে তাকে গুলি করে হত্যা করা হয়।

এ হত্যাকাণ্ডের ঘটনায় শহীদের পরিবারে নেমে এসেছে শোকের ছায়া।বার্তা সংস্থা "DOAM" এর প্রকাশিত একটি ভিডিওতে দেখা যায় আয়াদ হাল্লাকের মা পুত্র শোকে কাঁদতে কাঁদতে বলছিলেন,কোন অপরাধে তারা আমার শান্ত ছেলেকে হত্যা করলো। এ সময় শোকে তার হাত-পা কাঁপছিলো।

হামাসের মুখপাত্র হাজেম কাসেম এক বিবৃতিতে বলেছেন, "ঠুনকো অজুহাতে একজন ফিলিস্তিনি ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকর করা দখলদার ইসরাইলের হিংসাত্মক ও বর্বর মানসিকতার প্রতিফলন ঘটায়।"

সত্যিকার অর্থে এই অপরাধগুলি মুসলিম বিশ্বকে জিহাদি প্রেরণায় উজ্জীবিত করবে, যা কেবলমাত্র শুধু ফিলিস্তিন নয় গোটা বিশ্বকে অন্যায় জুলুম থেকে মুক্ত করবে।

আল-আকসা মসজিদের প্রধান ইমামকে গ্রেফতার করল সন্ত্রাসী ইসরাইল

মুসলমানদের তৃতীয় পবিত্রতম স্থান আল-আকসা মসজিদের প্রধান খতিব ও ইমাম শায়খ ইকরামা সাইদ সাবরিকে গ্রেফতার করেছে ইহুদিবাদী ইসরাইলি বাহিনী। এ সময় তারা আল-আকসা মসজিদ স্কুলের শিক্ষক হানাদি আল-হালাওয়ানিকেও গ্রেফতার করে।

শুক্রবার জেরুজালেমে তার বাসভবনে ইসরাইলি গোয়েন্দা বাহিনী মোসাদের সদস্যরা হানা দিয়ে তাকে আটক করে। শনিবার ফিলিস্তিনি তথ্যকেন্দ্রের বরাত দিয়ে এ খবর জানিয়েছে মিডলইস্ট মনিটর।

সন্ত্রাসী ইহুদিদের অভিযোগ তিনি মসজিদে নামাজ পড়তে মুসল্লিদের উসকানি দেন।

দখলদার ইসরায়েলি বাহিনী এর আগেও বেশ কয়েকবার শেখ সাবরির বাড়িতে অভিযান চালিয়েছে এবং আল-আকসা মসজিদ থেকে বের করে দিয়েছে।

আল-আকসা মসজিদে দখলদার ইসরাইলের বিধিনিষেধ প্রত্যাখ্যান করে আসছিলেন শেখ সাবরি। তিনি ফিলিস্তিনিদের প্রতি আহ্বান জানিয়েছেন, ভবিষ্যতে যে কোন ধরনের হুমকি থেকে আল-আকসা মসজিদকে রক্ষার জন্য নিজেদের প্রস্তুত থাকতে।

এর আগে গত ১৭ জানুয়ারি মসজিদে আকসার জুমার খুতবায় দখলদারিত্বের বিষয়ে কথা বলায় শায়খ ইকরিমা সাবেরিকে এক সপ্তাহের জন্য সাময়িক বরখাস্ত করা হয়েছিল।

এদিকে আল-আকসা মসজিদের প্রধান খতিবকে আটকের তীব্র নিন্দা জানিয়েছে ফিলিস্তিনের ইসলামি প্রতিরোধ আন্দোলন হামাস।

সংগঠনটির রাজনৈতিক প্রধান ইসমাইল হানিয়া বলেছেন, খতিব ইকরামা সাবরিকে আটকের মাধ্যমে পবিত্র আল-আকসা মসজিদে প্রবেশ ও মুসলমানদের ইবাদতের অধিকার লঙ্ঘন করে বিশ্ব মুসলমানদের হৃদয়ে আঘাত করেছেন।

২৯শে মে, ২০২০

'ত্রাণ না দিয়ে পারলে বাঁধটা ঠিক করাইয়া দেন'

দেশের উপকূলীয় সমুদ্র তীরবর্তী প্রাকৃতিক দুর্যোগপ্রবণ জেলা বরগুনা। এ জেলার বয়েছে খরস্রতা পায়রা ও বিষখালী নদী; যা সদর ও বেতাগী, আমতলী ও তালতলী, বামনা ও পাথরঘাটা ছয়টি উপজেলাকে বিচ্ছিন্ন করে ভাগ করে রেখেছে তিন ভাগে। এ ছাড়াও এ জেলা থেকে সুন্দরবনকে পৃথক করেছে বলেশ্বর নদী। দক্ষিণাঞ্চলের সব ঘূর্ণিঝড়ই আঘাত হানে এ অঞ্চলে। নড়বড়ে বেড়িবাঁধ ভেঙে প্লাবিত হয় সহস্র একর ফসলি জমি। জলোচ্ছ্বাসের স্রোতে ভেসে যায় শত শত মাছের ঘের। মুখ থুবরে পড়ে জেলার কৃষি ও মৎস্য খাত। নিঃস্ব হয়ে পড়ে হাজার হাজার মানুষ। যুগ যুগ ধরে চলা প্রকৃতির এমন নিষ্ঠুরতার পরও জেলায় মজবুত ও টেকসই বেড়িবাঁধ নির্মাণ না হওয়ায় ক্ষুব্ধ এ জেলার মানুষ।

ঘূর্ণিঝড় আম্পানের প্রভাবে সাড়ে ১১ ফিট উচ্চতার জোয়ারের তীব্রতায় জেলার ২১ কিলোমিটার বেড়িবাঁধ আংশিক ভেঙে গেছে। পুরোপুরি ভেঙে গেছে প্রায় ২০০ মিটার। এতে জেলার ৬টি উপজেলার ৮২টি স্থানে বেড়িবাঁধের ক্ষত হয়েছে, যা মেরামত করতে ২০ কোটি টাকার প্রাকল্প ব্যয় ধরেছে বরগুনা পানি উন্নয়ন বোর্ড। জানা গেছে, জেলার প্রধান তিনটি খরস্রোতা নদী বিষখালী, পায়রা ও বলেশ্বরসহ বঙ্গোপসাগরের পানি থেকে সদর উপজেলাসহ ছয়টি উপজেলাকে নিরাপদ রাখতে মোট ৮০৫ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। ঘূর্ণিঝড়ের আগেই ২০ কিরোমিটার বেড়িবাঁধ ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ। এগুলোর ১৫ থেকে ১৬টি স্থান পুরোপুরি ভেঙে গেছে। এতে প্লাবিত হয়েছে প্রায় অর্ধশত গ্রাম।

পানিতে তলিয়ে গেছে সেসব এলাকার ঘরবাড়ি এবং মাছের ঘের। তলিয়ে গেছে মুগডাল, চিনা বাদাম এবং ভুট্টার ক্ষেতসহ শত শত সবজির বাগান। তবে জোয়ার ভাটার এলকায় উত্তরাঞ্চলের মতো লাগাতার পানি থাকে না এ জেলায়। তারপরও নড়বড়ে বেড়িবাঁধের কারণে প্রতিদিন দুবার জোয়ারে ভাসিয়ে নিয়ে যায় সব কিছু।

আক্ষেপ নিয়ে বরগুনা উপজেলার বিষখালী পাড়ের ডালভাঙা এলাকার ষাটোর্ধ্ব বৃদ্ধ আবুল হাশেম বলেন, 'আমাগো ত্রাণ লাগবে না ভাই। যদি পারেন সরকাররে দিয়া আমাগো বেড়িবাঁধটা একটু ঠিক কইরা দেন। দিন রাত আর পানিতে ভাসতে পারি না। ঘরবাড়ি সব তলিয়ে যায় দিনে রাতে দুবারের জোয়ারে।'

খোঁজ নিয়ে জানা যায়, ঢলুয়া গ্রামের মতো বরগুনা সদর উপজেলার আয়লা-পাতাকাটা, বুড়িররচর, ছোট লবণগোলা, পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নের গাববাড়িয়া, তাফালবাড়িয়া, কাঠালতলী ইউনিয়নের পরীঘাটা এবং পাথরঘাটা সদর ইউনিয়নের পদ্মা, জ্বিনতলা এলাকার বেড়িবাঁধ ভেঙে প্লাবিত হয়েছে আশপাশের গ্রাম। এ ছাড়াও বামনা উপজেলা রামনা ইউনিয়নের বেড়িবাঁধ, পূর্ব সফিপুর এবং বামনা লঞ্চঘাট, অযোদ্ধা, কলাছিয়াসহ তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন এলাকার বেড়িবাঁধ ভেঙে গ্রামের পর গ্রাম প্লাবিত হয়েছে।

এ বিষয়ে বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী কাইসার আলম বলেন, ঘূর্ণিঝড় আম্পানের প্রভাবে সাড়ে ১১ ফিট তীব্র জোয়ারের আঘাতে জেলার বিভিন্ন স্থানে অন্তত ১৫টি স্থানের বেড়িবাঁধ ভেঙে লোকালয় প্লাবিত হয়েছে। জেলার ২১ কিলোমিটার বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। আর প্রায় দুইশ মিটার বেড়িবাঁধ পুরোপুরি ভেঙে গেছে। ক্ষতিগ্রস্ত এসব বেড়িবাঁধ নির্মাণে প্রায় ২০ কোটি টাকার প্রয়োজন হবে।

বজ্রপাতে মারা গেলেন ৯ জন

দেশের বিভিন্ন স্থানে গত মঙ্গলবার থেকে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত বজ্রপাতে মোট ৯ জনের মৃত্যুর খরর পাওয়া গেছে। আমাদের সময় পত্রিকার নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো তথ্য নিয়ে বিস্তারিত প্রতিবেদন।

চাঁপাইনবাবগঞ্জ: আম কুড়াতে গিয়ে বজ্রপাতে সাদেকুল ইসলাম (৬৭) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। তিনি সদর উপজেলার সুন্দরপুর ইউনিয়নের বড় মরা পাগলা গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে। গত মঙ্গলবার সন্ধ্যা ৬টায় এ ঘটনা ঘটে। অন্যদিকে, শিবগঞ্জ উপজেলার ঘোড়াপাখিয়া ইউনিয়নের পার কৃষ্ণগোবিন্দপুর গ্রামের রুমালী বেগম ও মনাকষা ইউনিয়নের রানিনগর হঠাৎপাড়া গ্রামের সাইদুর রহমানের ছেলে মামুন (৩৫) বজ্রপাতে মারা যান।

বগুড়া: ধুনটে বজ্রপাতে ২ ব্যবসায়ী মারা গেছেন। গত বুধবার সন্ধ্যায় উপজেলার মথুরাপুর ইউনিয়নের সাগাটিয়া বাজারে এই ঘটনা ঘটে। মৃত দুই ব্যবসায়ী হলেন হিজুলী গ্রামের নাদু খাঁর ছেলে ফজর আলী (৪২) ও একই গ্রামের মকবুল হোসেনের ছেলে হাফিজুর রহমান (৪৫)। এদিকে কালাই থিয়টপাড়ায় বজ্রপাতে বাড়ির দেওয়াল ধসে মারা গেছেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি ও কালাই ইউপির সাবেক চেয়ারম্যান নজিরউদ্দিন সরদার (৭০)।

রংপুর : মিঠাপুকুরে বজ্রপাতে ইউসুফ আলী (৩৫) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। গত বুধবার উপজেলার কাফ্রিখাল ইউনিয়নের পাহাড়পুর গ্রামে মৃত্যুর ঘটনা ঘটে। নিহত ইউসুফ আলী পাহাড়পুর গ্রামের আমিরউদ্দিনের ছেলে।

গাইবান্ধা : সুন্দরগঞ্জ উপজেলার চন্ডিপুর ইউনিয়নের তিস্তা নদীর চরে গত বুধবার বিকালে বজ্রপাতে আবদুল মমিন মিয়া (৬৫) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। নিহত আবদুল মমিন ওই ইউনিয়নের উজান বোচাগাড়ি গ্রামের মৃত কাদিম শেখের ছেলে। অন্যদিকে সাদুল্যাপুর উপজেলার ফাঁকা মাঠ থেকে গরু আনতে গিয়ে বজ্রপাতে সুরমা আক্তার (১১) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। সুরমা লক্ষ্মীপুর গ্রামের কৃষক ছকু মিয়ার মেয়ে। গতকাল বৃহস্পতিবার বিকালে উপজেলার ইদিলপুর ইউনিয়নে এ ঘটনা ঘটে।

লিবিয়ায় মানব পাচারকারীদের নৃশংস গুলিতে ২৬ বাংলাদেশিসহ নিহত ৩০

লিবিয়ায় মানব পাচারকারীরা গুলি করে ২৬ বাংলাদেশিসহ ৩০ জন অভিবাসীকে হত্যা করেছে। অন্য চারজন আফ্রিকার অভিবাসী। লিবিয়ার মিজদা শহরে ওই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে। হত্যাকাণ্ডের সময় গুলিতে আহত আরও ১১ জনকে জিনতান হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দেশটির এক মানব পাচারকারী মারা যাওয়ার পর প্রতিশোধ নিতে তার পরিবারের সদস্যরা ওই ৩০ জনকে গুলি করে হত্যা করেছে।

খবর : ডেইলি সাবাহ

ওই পাচারকারী বাঙালি অভিবাসীদের থেকে মুক্তিপণ আদায় করতে মারাত্মক নির্যাতন চালায়। নির্যাতনের এক পর্যায়ে পাচারকারীর সাথে বাঙালীদের হাতাহাতি হয় ফলে পাচারকারী এক পর্যায়ে মারা যান। সেই মৃত্যুর দায় ওই অভিবাসীদের ওপর চাপিয়েছেন তার স্বজনরা। তার প্রতিশোধ নিতেই ওই হত্যাকাণ্ড ঘটানো হয়েছে।

আন্তর্জাতিক সম্প্রদায়ের স্বীকৃত লিবিয়ার সরকার গভার্নমেন্ট অব ন্যাশনাল অ্যাকর্ড (জিএনএ) বৃহস্পতিবার এক বিবৃতি দিয়ে এ তথ্য জানিয়েছ।

আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইএমও) লিবিয়ার মুখপাত্র সাফা এমসেহলি বলেন, নৃশংস এ ঘটনার খবর আমরা জানতে পেরেছি। বিস্তারিত জানার চেষ্টা করছি। এ ঘটনায় আহতদের চিকিৎসায় সহায়তা দেয়া হচ্ছে।

গাদ্দাফি পরবর্তী গৃহযুদ্ধে বিপর্যস্ত লিবিয়ায় কাজের সন্ধানে এশিয়া ও আফ্রিকার অনেক দেশ থেকেই তরুণরা অবৈধ পথে দেশটিতে পাড়ি জমায়।

‘দিন রাত পানিতে ভাসতে আর পারি না'

উপকূলীয় সমুদ্র তীরবর্তী প্রাকৃতিক দুর্যোগপ্রবণ জেলা বরগুনা। এ জেলার বয়ে চলেছে খরস্রোতা পায়রা ও বিষখালী নদী। যা জেলার বরগুনা, আমতলী, বামনা, তালতলী, বেতাগী ও পাথরঘাটা এ ছয়টি উপজেলাকে বিচ্ছিন্ন করেছে তিন ভাগে। এছাড়াও এ জেলা থেকে সুন্দরবনকে পৃথক করেছে বলেশ্বর নদী।

প্রায় প্রতিবছরই বরগুনায় আঘাত হানে কোনো না কোনো ঘূর্ণিঝড়। নড়বড়ে বেড়িবাঁধ ভেঙে প্লাবিত হয় সহস্র একর ফসলি জমি। জলোচ্ছ্বাসের স্রোতে ভেসে যায় শত শত মাছের ঘের। মুখ থুবড়ে পড়ে জেলার কৃষি ও মৎস্য খাত। নিঃস্ব হয়ে পড়ে হাজার হাজার মানুষ। যুগ যুগ ধরে চলা প্রকৃতির এমন নিষ্ঠুরতার পরও জেলায় মজবুত ও টেকসই বেড়িবাঁধ নির্মাণ না হওয়ায় ক্ষুব্ধ এ জেলার মানুষ।

ঘূর্ণিঝড় আমফানের প্রভাবে সাড়ে ১১ ফিট উচ্চতার জোয়ারের তীব্রতায় জেলার ২১ কিলোমিটার বেড়িবাঁধ আংশিক ভেঙে গেছে। পুরোপুরি ভেঙে গেছে প্রায় ২০০ মিটার বেড়িবাঁধ। এতে জেলার ৬টি উপজেলার ৮২টি স্থানে বেড়িবাঁধের ক্ষতি হয়েছে যা মেরামত করতে ২০ কোটি টাকার প্রাক্কলন ব্যয় ধরেছে বরগুনা পানি উন্নয়ন বোর্ড।

পানি উন্নয়ন বোর্ডসূত্রে জানা গেছে, জেলার প্রধান তিনটি খরস্রোতা নদী বিষখালী, পায়রা ও বলেশ্বরসহ বঙ্গোপসাগরের পানি থেকে সদর উপজেলাসহ ছয়টি উপজেলাকে নিরাপদ রাখতে মোট ৮০৫ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। ঘূর্ণিঝড়ের আগেই ২০ কিলোমিটার বেড়িবাঁধ ছিলো ঝুঁকিপূর্ণ।

ঝুকিপূর্ণ এসব বেড়িবাঁধের ১৫ থেকে ১৬টি স্থান পুরোপুরি ভেঙে গেছে। এতে প্লাবিত হয়েছে প্রায় অর্ধশত গ্রাম। পানিতে তলিয়ে গেছে সেসব এলাকার ঘরবাড়ি এবং মাছের ঘের। তলিয়ে গেছে মুগডাল, চিনা বাদাম এবং ভুট্টার ক্ষেতসহ শত শত সবজির বাগান।

বরগুনা সদর উপজেলার ঢলুয়া ইউনিয়নের বিষখালী পাড়ের ডালভাঙ্গা এলাকাবাসী আবুল হাশেম (৬০) বলেন, 'আমাগো ত্রাণ লাগবে না ভাই। যদি পারেন আমাগো এই বেড়িবাঁধটা যেন সরকার একটু ঠিক কইরা দেয়। দিন রাত পানিতে ভাসতে আর পারি না। ঘরবাড়ি সব তলিয়ে যায়। দিনে রাতে দুই বারের জোয়ারে।'

খোঁজ নিয়ে জানা গেছে, ঢলুয়া গ্রামের মতো বরগুনা সদর উপজেলার আয়লা-পাতাকাটা, বুড়িররচর, ছোট লবনগোলা, পাথরঘাটা উপজেলার চরদুয়ানী ইউনিয়নের গাববাড়িয়া, তাফালবাড়িয়া, কাঠালতলী ইউনিয়নের পরীঘাটা এবং পাথরঘাটা সদর ইউনিয়নের পদ্মা, জ্বিনতলা এলাকার বেড়িবাঁধ ভেঙে জোয়ারের পানিতে আশেপাশের গ্রাম প্লাবিত হয়েছে। এ ছাড়াও বামনা উপজেলা রামনা ইউনিয়নের বেড়িবাঁধ, পূর্ব সফিপুর এবং বামনা লঞ্চঘাট, অযোদ্ধা, কলাছিয়াসহ তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন এলাকার বেড়িবাঁধ ভেঙে গ্রামের পর গ্রাম প্লাবিত হয়েছে।

এ বিষয়ে বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী কাইসার আলম বলেন, ঘূর্ণিঝড় আমফানের প্রভাবে সাড়ে ১১ ফিট তীব্র জোয়ারের আঘাতে জেলার বিভিন্ন স্থানে অন্তত ১৫টি স্থানের বেড়িবাঁধ ভেঙে লোকালয় প্লাবিত হয়েছে। ক্ষতিগ্রস্ত বেড়িবাঁধ এবং তা মেরামতের প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে। এতে জেলার ২১ কিলোমিটার বেড়িবাঁধ আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। আর প্রায় দুইশত মিটার বেড়িবাঁধ পুরোপুরি ভেঙ্গে গেছে। ক্ষতিগ্রস্ত এসব বেড়িবাঁধ নির্মাণে প্রায় ২০ কোটি টাকার প্রয়োজন হবে। নয়া দিগন্ত

সন্ত্রাসী বিএসএফের পর এবার ভারতীয় নাগরিকদের পিটুনীতে বাংলাদেশী খুন

ভারতীয় নাগরিকদের হাতে নির্মমভাবে খুন হয়েছে বাংলাদেশী নাগরিক লোকমান হোসেন (৩২)। গরুচোর অপবাদ দিয়ে তাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। লোকমান হোসেন হবিগঞ্জের মাধবপুর উপজেলার মালঞ্চপুর গ্রামের মৃত আব্দুল হাসিমের ছেলে। বিজিবি-বিএসএস এর মাঝে একাধিকবার মিটিং শেষে ঘটনার ৫ দিন পর বৃহস্পতিবার দুপুরে লোকমানের লাশ দেশে আসবে বলে জানিয়েছে বিজিবি।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ২৪ মে সীমান্ত অতিক্রম করে ভারতের ত্রিপুরা রাজ্যের মোহনপুর এলাকায় তার ফুফুর বাড়ি যাচ্ছিলেন লোকমান। ভারতের ত্রিপুরা রাজ্যের গোপালনগর পৌঁছাতেই এক দল ভারতীয় নাগরিক লোকমান হোসেনকে পথরোধ করে গরুচোর সন্দেহে এলোপাথাড়ি পিটাতে থাকে। এ সময় সে- আমিহ চোর না, বেড়াতে এসেছি- এমন আকুতি বার বার জানালেও পাষণ্ডদের মন গলেনি। এলোপাথাড়ি পিটুনিতে তার মৃত্যু হয়। ভারতীয় কয়েকটি গণমাধ্যমে লোকমানের আকুতির ভিডিও প্রচার হয়েছে। তবে ত্রিপুরার গণমাধ্যম গরুচোর সন্দেহে গণপুটুনিতে মৃত্যুর বিষয়টি চাউর করে। মৃত ভেবে ভারতীয়রা লোকমানকে বাংলাদেশ সীমান্তের অদূরে একটি জঙ্গলে ফেলে রাখে।

খবর পেয়ে পশ্চিম ত্রিপুরা রাজ্যের সিধাই থানা পুলিশ মুমূর্ষ অবস্থায় উদ্ধার করে একটি হাসপাতালে নিয়ে গেলে সেখানে লোকমানের মৃত্যু হয়। বুধবার বিকেলে ১৯৯৪ /৪ এস পিলারের নিকট বাংলাদেশের অভ্যন্তরীণ মোহনপুর গ্রামে বিজিবি-বিএসএফ এর পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ভারতের পক্ষে বিএসএফ ১২০ ব্যাটালিয়নের মোহনপুর ক্যাম্পের কোম্পানী কমান্ডার ইন্সপেক্টর শশি কান্ত ও বাংলাদেশের পক্ষে ৫৫ বিজিবির ধর্মঘর ক্যাম্পের কোম্পানী কমান্ডার সুবেদার দেলোয়ার হোসেন এই বৈঠকটি পরিচালনা করেন।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বুধবারই ভারতের পশ্চিম ত্রিপুরা রাজ্যের মোহনপুর সীমান্ত দিয়ে লাশ হস্তান্তর করার কথা ছিল। কিন্তু ভারতীয় পুলিশ ময়না তদন্ত, সুরতহাল রিপোর্ট আনুষাঙ্গিক কাগজ-পত্র ছাড়া লাশ হস্তান্তর করতে চাইলে বাংলাদেশের বিজিবি-পুলিশের প্রতিনিধিরা অস্বীকৃতি জানায়।

বৃহস্পতিবার সকালে বিজিবির ধর্মঘর ক্যাম্পের কোম্পানী কমান্ডার সুবেদার দেলোয়ার হোসেন জানান, বৃহস্পতিবার দুপুর আড়াইটায় বিএসএফ লোকমানের লাশ আমাদের কাছে হস্তান্তর করবে।

নিহতের পরিরার সূত্র জানায়, লোকমান মিয়া বাড়ির পাশ দিয়ে সীমান্ত অতিক্রম করে ভারতের মোহনপুরে তার ফুফুর বাড়ির উদ্দেশ্যে যাচ্ছিলেন। পথিমধ্যে স্থানীয় ভারতীয় রোষানলে পড়ে নির্মমভাবে খুন হন তিনি। নিহতের ছোটোভাই হুমায়ুন মিয়া বলেন, আমার ভাইকে হত্যা করা হয়েছে। ভারতীয় গনমাধ্যমে প্রচার হয়েছে। অথচ তারা কাগজপত্র ছাড়া লাশ ফেরত দিতে চায়। তিনি হত্যার সাথে জড়িতদের বিচার দাবি করেন।

কালের কণ্ঠ

মিষ্টির দোকান থেকে পাওয়া গেলো ত্রাণের চাল

হবিগঞ্জের বাহুবল উপজেলার মীরপুর বাজারে মিষ্টির দোকান থেকে ৬বস্তা সরকারি চাল জব্দ করা হয়েছে। এ সময় ওই দোকানের কর্মচারীকে আটক করা হয়েছে এবং দোকানটি সিলগালা করা হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা তালুকদার এই অভিযান পরিচালনা করেন।

স্থানীয় সূত্রে জানা যায়, মীরপুরের ফরিদ মিয়ার মিষ্টির দোকানে সরকারের খাদ্য বান্ধব কর্মসূচি ওএমএস এর চাল রয়েছে এই সংবাদ জানতে পেরে বৃহস্পতিবার সকালে অভিযান পরিচালনা করে এই চাল জব্দ করা হয়েছে। তাৎক্ষণিকভাবে আটককৃত ওই কর্মচারীর নাম জানা যায়নি।

ত্রাণ দেবার নামে আওয়ামী সরকারের টম এন্ড জেরি খেলায় জনগণ এখন ত্যক্ত-বিরক্ত। জনগণের টাকায় জনগণের আমানত ফিরিয়ে দেবার কথা থাকলেও আওয়ামী সন্ত্রাসী লীগের ছা পোষা সদস্যরা তা লুটেপুটে খাচ্ছে। আত্মসাৎ করছে সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় খাবারও। করোনা মহামারীর এই সংকটের মধ্যেও আওয়ামী চোরেরা নিজেদের লোভাতুর জিহ্বাটাকে ক্ষণিকের জন্য নিবৃত্ত করতে পারছে না।

আওয়ামী লীগে ছড়িয়েছে 'হানাহানির ভাইরাস'

করোনাকালে আরেক ‘ভাইরাসের’ উপদ্রপ শুরু হয়েছে কিশোরগঞ্জের পাকুন্দিয়ায়। ক্ষমতাসীন আওয়ামী লীগের নেতাকর্মীরা দাঙ্গা-হাঙ্গামার এ ‘ভাইরাস’ ছড়িয়ে দিচ্ছে উপজেলাজুড়ে। তাদের উপদ্রবে বিরক্ত এলাকাবাসী। যখন করোনা দুর্গতদের পাশে থেকে সাহস জোগানোর কথা, তখন নেতাকর্মীদের দায়িত্বহীনতা অবাক করেছে স্থানীয়দের। গত ১৫-২০ দিন ধরে থেমে থেমে চলছে দুপক্ষের পাল্টাপাল্টি অবস্থান, হামলা ও শক্তি দেখানোর মহড়া। স্থানীয় সংসদ সদস্য, সাবেক আইজিপি নূর মোহাম্মদের পক্ষের সঙ্গে তার বিরোধীদের বিরোধ সাম্প্রতিক সময়ে প্রকাশ্যে চলে আসায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

ঘটনার সূত্রপাত উপজেলা সন্ত্রাসী আওয়ামী লীগের যুগ্ম-আহ্বায়ক মোতায়েম হোসেন স্বপনকে নিয়ে। স্থানীয় সংসদ সদস্য তাকে উপজেলা ত্রাণ কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেন। কিন্তু ত্রাণ বিতরণে অনিয়ম-দুর্নীতির অভিযোগ এনে গত ১৩ মে ত্রাণ কমিটি থেকে তিনি পদত্যাগ করে বসেন। এতে এমপি নূর মোহাম্মদ তার (স্বাপন) প্রতি রুষ্ট হন। সামাজিক যোগাযোগ

মাধ্যম ফেসবুকে পোস্ট দিয়ে কড়া প্রতিক্রিয়া জানিয়ে এর জবাব চান সংসদ সদস্য। পদত্যাগকারী আওয়ামী লীগ নেতা স্বপন ফেসবুকে এমপির প্রতিক্রিয়ার পাল্টা প্রতিক্রিয়া জানান। এসব নিয়ে পাকুন্দিয়ায় উত্তপ্ত অবস্থা তৈরি হয়।

এর জের ধরে গত ১৬ মে এমপিপক্ষের লোকজন স্বপনের ওপর হামলা চালায়। এতে তিনি গুরুতর আহত হন। এরপর দৃশ্যপটে আবির্ভূত হন পাকুন্দিয়া উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের আরেক প্রভাবশালী যুগ্ম-আহ্বায়ক রফিকুল ইসলাম রেনু। তিনি উপজেলার উদ্ভুত পরিস্থিতি নিয়ে দুইবার লাইভে গিয়ে বক্তব্য রাখেন। এ সময় তিনি কিছু কিছু বিষয়ে এমপির সমালোচনা করেন। এর পর থেকে সংসদ সদস্য ও উপজেলা চেয়ারম্যানের মধ্যে চলতে থাকে ঠাণ্ডাযুদ্ধ। বর্তমান বিরোধের কেন্দ্রবিন্দুতে রয়েছেন এ দুজন।

এর জের ধরে আজ বুধবার বেলা ১২টার দিকে উপজেলা শ্রমিক লীগ সংসদ সদস্যের পক্ষ নিয়ে উপজেলা চেয়ারম্যানের বিচার দাবি করে বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সমাবেশ করে। তারা এ সময় উপজেলা চেয়ারম্যান রফিকুল ইসলাম রেনুর বিরুদ্ধে নানা ধরনের ‘অবমাননাকর’ শ্লোগান দেয়। মিছিলটি পাকুন্দিয়া সদরের বিভন্ন সড়ক ঘুরে উপজেলা পরিষদের প্রধান ফটকের সামনে গিয়ে মানববন্ধন ও সমাবেশের মাধ্যমে সমাপ্ত হয়।

এ সময় বক্তব্য রাখেন জেলা শ্রমিক লীগের উপদেষ্টা আতিকুল্লাহ সিদ্দিক মাসুদ, আওয়ামী লীগ নেতা নাজমুল কবীর, মুছলেহ উদ্দিন, সাবেক পৌর কাউন্সিলর আসাদ মিয়া, ছাত্রলীগের সাবেক নেতা শরিফুজ্জামান বকুল, আমজাদ হোসেন সবুজ, বিল্লাল হোসেন পাপ্পু, আব্দুল জব্বার সুমন প্রমুখ।

কয়েকজন আওয়ামী লীগ নেতা নাম প্রকাশ না করার শর্তে বলেন, করোনার সময়ে আওয়ামী লীগে যা চলছে তা নজীরবিহীন। যে সময়ে ক্ষমতাসীন আওয়ামী লীগের কাছ থেকে মানুষ দায়িত্বশীল ভূমিকা প্রত্যাশা করেছিল, সে সময়ে নিজেদের হানাহানি-হাঙ্গামায় বিরক্ত হচ্ছে লোকজন। যেভাবে মহড়া, পাল্টা মহড়া চলছে, সভা-সমাবেশ চলছে, তাতে করোনা ঝুঁকি বেড়ে যাচ্ছে। যা মোটেই কাম্য নয়।

এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মো. রফিকুল ইসলাম রেনুর সঙ্গে কথা হলে তিনি বলেন, স্থানীয় সংসদ সদস্যের সঙ্গে আমার কোনো বিরোধ ছিল না। তার লোক (স্বাপন) কমিটি থেকে পদত্যাগ করেছেন। এ নিয়ে হাঙ্গামা হয়েছে, মারামারি হয়েছে। কিন্তু এসব বিষয়ে আমাকে অহেতুক দায়ি করা হচ্ছে। তিনি প্রতিনিয়ত উপজেলা চেয়ারম্যানের অধিকার খর্ব করে চলেছেন। যা কোনোভাবেই কাম্য নয়।

স্থানীয়রা বলছেন, এ বিরোধে উপজেলা চেয়ারম্যান জড়িয়ে পড়ায় পাকুন্দিয়ায় উত্তেজনা বাড়ছে। যে কোনো সময় সেখানে বড় ধরনের দাঙ্গা-হাঙ্গামা হয়ে যেতে পারে।

সূত্র: কালের কণ্ঠ

ভারতে সত্যিই কি হামলা চালাবে তালেবান?

'ঈদের পরে ভারতে হামলা চালাবে তালেবান'—সম্প্রতি এরকম একটি নিউজ ছড়িয়ে পড়েছে। নিউজটি সত্য নাকি মিথ্যা—এই বিষয়ে অনেকেই দ্বিধাদ্বন্দ্বে রয়েছেন, আমাদের কাছে নিউজটির সত্যতা জানতে চেয়েছেন। এরই প্রেক্ষিতে আজ নিউজটির পর্যালোচনা পাঠকদের সামনে উপস্থাপন করা হলো।

প্রথমত জেনে নেওয়া দরকার নিউজটি কীভাবে ছড়িয়েছে। আফগানিস্তান ইসলামী ইমারতের অফিসিয়াল বার্তার মতো করে তৈরি একটি উর্দু বার্তা অনলাইনে ছড়িয়ে পড়ে। বার্তাটিতে বলা হয়, ভারতে ঈদুল ফিতরের পরে হামলা চালাবে তালেবান। প্রথমত টুইটারে ছড়ালেও পরে এই বার্তাটি পাকিস্তানের মূলধারার মিডিয়াতেও প্রচার করা হয়। এভাবে সংবাদটি আলোচনায় উঠে আসে।

আফগানিস্তানের মুসলমানরা শান্তিতে থাকুক এটা ভারত চায় না। ভারত চায় না দখলদার আমেরিকান বাহিনী আফগান ছেড়ে চলে যাক। তাই, তালেবানের সাথে আমেরিকার শান্তি আলোচনার ব্যাপারে ভারতকে শুরু থেকেই নাখোশ দেখা যাচ্ছিল। কেননা আমেরিকা আফগান ছেড়ে যাওয়া মানে আফগানিস্তানের শাসন ক্ষমতা তালেবানদের হাতে চলে যাওয়া, আফগানজুড়ে ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠা হওয়া। আর আফগানে ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হওয়ার মানে হলো—আফগানিস্তানে ভারতের বৃহৎ বাণিজ্যিক ও অন্যান্য স্বার্থ ক্ষুণ্ন হওয়া, হিন্দুত্ববাদী ভারত প্রতিষ্ঠার পথে আফগানিস্তান ইসলামি ইমারত হুমকিরূপে আবির্ভূত হওয়া। এ কারণে আফগানে তালেবানের ইসলামি শাসনব্যবস্থার বিরুদ্ধে সর্বদাই সরব দেখা গেছে ভারতকে।

ভারতের এসব শান্তিবিরোধী কার্যক্রমের প্রেক্ষিতে কিছুদিন আগে তালেবান নেতা শের মুহাম্মাদ আব্বাস স্টানিকজাই বলেছিলেন, ভারত কাবুলের দুর্নীতিবাজ সরকারের পক্ষ নিয়ে সবসময়ই আফগানে নেতিবাচক ভূমিকা রেখেছে। তাঁর এই বক্তব্যের পরপরই ঈদের পর ভারতে তালেবানের হামলা চালানো বিষয়ক সংবাদটি ছড়িয়ে পড়ে। তাই স্বাভাবিকভাবেই সংবাদটি পাঠকমহলে বেশ গ্রহণযোগ্যতা পায়, আলোচিত হয়ে উঠে।

এই সংবাদ ছড়িয়ে পড়ার প্রেক্ষিতে গত ১৮ই মে একটি টুইট বার্তা প্রদান করেন আফগানিস্তান ইসলামী ইমারতের রাজনৈতিক মুখপাত্র মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ। সেখানে তিনি ভারতে হামলা করার সংবাদটিকে আফগানিস্তান ইসলামী ইমারতের নীতির সাথে অপ্রাসঙ্গিক আখ্যায়িত করে বলেন, 'ইসলামী ইমারতের নীতি পরিষ্কার যে, এটি অন্যান্য দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করে না।'

মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ-এর উক্ত বার্তা থেকেই স্পষ্ট হয়ে যায় যে, ভারতে তালেবান হামলা চালাবে মর্মে যে সংবাদটি ছড়িয়ে পড়েছে, সেটি একটি গুজব। তবে, মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ-এর ঐ বার্তাকে কেন্দ্র করে আবার নিকৃষ্টভাবে নিজেদের স্বার্থোদ্ধারে লিপ্ত হয়েছে হিন্দুত্ববাদী ভারতীয় মিডিয়াগুলো। তারা এই শিরোনামে সংবাদ প্রকাশ করতে থাকে যে, 'কাশ্মীরকে ভারতের অভ্যন্তরীণ বিষয় বলেছে তালেবান'। অথচ, সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ এর বার্তাতে কাশ্মীর শব্দটিরই উল্লেখ নেই। তাঁর দুই লাইনের উক্ত টুইট বার্তার কোথাও এটা বলা হয়নি যে, কাশ্মীর ভারতের অভ্যন্তরীণ বিষয়। বরং তিনি বার্তাটিতে ইসলামী ইমারতের একটি সাধারণ নীতি স্পষ্ট করেছেন মাত্র।

এই নীতির আলোকে এটাই স্পষ্ট হয় যে, তালেবান নেতৃত্বাধীন আফগানিস্তান ইসলামী ইমারত আফগানিস্তানের প্রতিরক্ষায় নিয়োজিত, আফগানিস্তান ব্যতীত অন্য কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে তাঁরা হস্তক্ষেপ করেন না। যেহেতু কাশ্মীর আফগানিস্তানের অংশ নয়, তাই কাশ্মীর ইস্যুকে কেন্দ্র করে ভারতে হামলা চালাতে চায় না তালেবান। সুতরাং, কাশ্মীর ভারতের অভ্যন্তরীণ বিষয় নাকি পাকিস্তানের, নাকি আলাদা একটি দেশ—এর কোনোটিই মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ এর বার্তা থেকে বুঝা যায় না।

তাই এটা স্পষ্ট যে, ভারতীয় হিন্দুত্ববাদী মিডিয়াগুলো নিজেদের স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যেই মুহতারাম সোহাইল শাহিন হাফিজাহুল্লাহ এর বার্তাটিকে বিকৃতভাবে উপস্থাপন করেছে। এক্ষেত্রে হিন্দুত্ববাদী মিডিয়াগুলো হলুদ সাংবাদিকতার জ্বলন্ত উদাহরণ।

যাইহোক, 'তালেবান ভারতে হামলা চালাবে না'—এটা মূলত আগে থেকেই নিশ্চিত। তালেবান বহুবার তাদের বৈদিশিক নীতি স্পষ্ট করেছে। তবুও নতুন করে বিষয়টি নিশ্চিত হওয়ার মাধ্যমে হিন্দুত্ববাদী ভারত এখন যদিও আনন্দে ভাসছে, তবে আশা করা যায় অচিরেই তাদের এই আনন্দ চির বেদনায় পরিণত হবে, ইনশাআল্লাহ। কেননা, তালেবান ভারতে হামলা না চালালেও তালেবানের অনুগত আল-কায়েদা উপমহাদেশের অধীনস্ত শাখাগুলো হিন্দুত্ববাদী ভারতকে চূর্ণবিচূর্ণ করে দেওয়ার প্রস্তুতি নিচ্ছে, বিইযনিল্লাহ। বরং, কাশ্মীরে আল-কায়েদার শাখা আনসার গাজওয়াতুল হিন্দ হিন্দুত্ববাদী সেনাদের বিরুদ্ধে সম্মুখ সমরে লড়াইও চালিয়ে যাচ্ছে,

আলহামদুলিল্লাহ। অতএব তালেবান ভারতে হামলা চালাবে কি না—তা আলোচনার আগে জেনে নেওয়া দরকার যে, ইতোমধ্যেই ভারতে তালেবানের অনুগত আল-কায়েদা উপমহাদেশ শাখা হামলা চালিয়ে যাচ্ছেন এবং চূড়ান্ত আঘাতের প্রস্তুতি নিচ্ছেন, আলহামদুলিল্লাহ।

লেখক: আহমাদ উসামা আল-হিন্দ, *সম্পাদক, আল-ফিরদাউস নিউজ।*

২৮শে মে, ২০২০

হৃদয় হত্যাকাণ্ডে নির্দেশদাতা সন্ত্রাসী আওয়ামী লীগ সভাপতি

বরগুনায় ঈদের দিন বিকেলে শত শত স্থানীয় পর্যটকের সামনে কিশোর হৃদয়কে (১৭) হত্যা করা হয়। এই হত্যাকাণ্ডের ঘটনায় মূল নির্দেশদাতা স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রফিক কাজির (৫০)। ঘটনাস্থলে উপস্থিত থেকেই রফিক কাজি তার সন্ত্রাসীবাহিনীকে নির্দেশ দিয়েছেন হৃদয়সহ হৃদয়ের বন্ধুদের ওপর হামলা চালাতে। আর এই নির্দেশ পেয়েই হৃদয়ের ওপর হামলা চালায় রফিক কাজির সন্ত্রাসীবাহিনী। নাম প্রকাশ না করার শর্তে একাধিক প্রত্যক্ষদর্শী ও স্থানীয় এলাকাবাসী এ তথ্য দিয়েছেন। এ ঘটনায় বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে এ পর্যন্ত সাতজনকে গ্রেপ্তার করা হয়েছে জানিয়ে মঙ্গলবার রাত সাড়ে দশটার দিকে প্রেস ব্রিফিং করেছে বরগুনা জেলা পুলিশ।

হৃদয়ের একাধিক বন্ধু ও প্রত্যক্ষদর্শী এলাকাবাসীর সাথে কথা বলে জানা গেছে, ঈদের দিন বিকেলে সাত বন্ধু মিলে একসঙ্গে সদর উপজেলার বুড়িরচর ইউনিয়নের স্থানীয় পর্যটন কেন্দ্র গোলবুনিয়া ঘুরতে যায় হৃদয়। সেখানে পৌঁছার পর আকস্মিকভাবে হৃদয়ের সঙ্গে দেখা হয় তার পরিচিত এক বন্ধুর। এসময় তার সাথে কুশল বিনিময় করে হৃদয়। এরই মধ্যে হৃদয় এবং হৃদয়ের ওই বন্ধুকে নিয়ে বাজে মন্তব্য করে রফিক কাজির ছেলে ইউনুস কাজি (১৭)। ইউনুস কাজিও হৃদয়ের সাথে একত্রেই বরগুনার টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট থেকে এবার এসএসসি পরীক্ষা দিয়েছে। বাজে মন্তব্য করায় ইউনুস কাজির সাথে কথাকাটাকাটির একপর্যায়ে ইউনুস কাজিকে একটি থাপ্পর মারে হৃদয়। যদিও কিছুক্ষণের মধ্যেই উভয় পক্ষের মধ্যে বিষয়টি মিটমাট হয়ে যায়।

কিন্তু তাৎক্ষণিকভাবে মিটমাট হলেও ইউনুস কাজি তার পিতা স্থানীয় ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রফিক কাজিকে গিয়ে হৃদয়ের বিষয়ে নালিশ করে। এরপর রফিক কাজি ঘটনাস্থলে উপস্থিত থেকেই তার সন্ত্রাসীবাহিনীকে নির্দেশ দেন হৃদয়সহ হৃদয়ের বন্ধুদের ওপর হামলা চালাতে। এরপরই ইউনুস কাজি, নয়ন, হেলাল, নোমান, আবীর এবং তণীকসহ রফিক কাজির সন্ত্রাসীবাহিনী লাঠিসোটা নিয়ে হৃদয়ের ওপর হামলা চালায়। এসময় হৃদয় দৌড়ে বাঁচতে চাইলেও তাকে তাড়া করে পেটাতে থাকে ইউনুস কাজি, নয়ন, হেলাল, এবং নোমানসহ ১৫ থেকে ২০ জনের একটি দল। একপর্যায়ে লাঠির প্রচণ্ড আঘাতে অজ্ঞান হয়ে ঢলে পড়ে হৃদয়।

খোঁজ নিয়ে জানা গেছে, রফিক কাজির দস্যুতার এমন ইতিহাস অনেক পুরান। ২০০৪ সালে তুচ্ছ ঘটনায় আপন ভাই কনু কাজিকে অবৈধ অস্ত্র দিয়ে গুলি করে নাড়ি-ভুড়ি বের করে দিয়েছিলেন রফিক কাজি নিজেই। ভাগ্যগুণে গুলি খেয়েও বেঁচে যান তার ভাই কনু কাজি। পরে এ ঘটনায় সালিশ মীমাংসার মাধ্যমে স্থানীয়ভাবে তা মিটমাট হয়ে যায়। স্থানীয় ওয়ার্ড সন্ত্রাসী আওয়ামী লীগ নেতার প্রভাব খাটিয়ে অন্যের রেকর্ডকৃত জমিতে মাছের বিশাল ঘের বানিয়েছেন রফিক কাজি জবরদখল করে। পল্লী বিদ্যুতের সংযোগ দেওয়ার কথা বলে স্থানীয় শত শত গ্রাহকের কাছ থেকে তিনি টাকা তুলেছেন। ঘর প্রতি ২৫’শ থেকে ৩২’শ টাকা পর্যন্ত তিনি নিজের পকেটে ভরেছেন।

চায়না ঠিকাদারি প্রতিষ্ঠান ‘সিকো’ কম্পানির বেড়িবাঁধ উন্নয়ন ও নদী তীর সংরক্ষণের জন্য ব্লক তৈরির কাজে প্রভাব খাটিয়ে শ্রমিক নেতা হয়ে সুকৌশলে সেখান থেকে তিনি লাখ টাকার মালিক হয়েছেন। গ্রামে জমিও কিনেছেন লাখ লাখ টাকার। অথচ বছর কয়েক আগেও দু’বেলা দু’মুঠো ভাত যোগাড় করতেও তার বেগ পেতে হত। স্থানীয় ওয়ার্ড আওয়ামী লীগ নেতা রফিক কাজির ক্ষমতার দাপটে তার বিরুদ্ধে মুখ খুলতে সাহস পান না কেউই।

বিশেষ করে রফিক কাজির ভাগনে আহসান (৩৫), হাসান (৩২), আমীর হোসেন (২৫), ভাইয়ের ছেলে রাজা (৪০), নোমান (২২), জুয়েল (২০) এবং সোহাগসহ (২২) তার অনুসারী বনি আমিন (৩৫) এবং জাফর সিকদারদের (৪৫) ভয়ে রফিক কাজির বিরুদ্ধে কথা বলার সাহস পান না কেউই। কালের কণ্ঠ

আরিচা ও পাটুরিয়ায় ব্যাপক ভাঙ্গনে শঙ্কিত স্থানীয়রা

ঘূর্ণিঝড় আমফান ও গত কয়েক দিনের প্রবল বৃষ্টি ও বাতাসে পদ্মা-যমুনা তীরবর্তী পাটুরিয়া ও আরিচা ঘাটের গুরুত্বপূর্ণ অংশ ভয়াবহ ভাঙ্গনে বিলিন হওয়ায় স্থানীয়রা শঙ্কিত হয়ে পড়েছে।

আরিচা ঘাটে কাছে যমুনার ভাঙ্গন ঠেকাতে প্রাথমিক ভাবে প্রায় ৬০ লাখ টাকা ব্যয় সাপেক্ষে ১৩ হাজার জিও ব্যাগ ফেলার প্রকল্প বৃহস্পতিবার থেকে শুরু করবে বলে মানিকগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ মাঈন উদ্দিন সাংবাদিকদের জানিয়েছেন। অপরদিকে, বিআইডব্লিউটিএ চেয়ারম্যান কমডোর গোলাম সাদিক বুধবার সকালে পাটুরিয়া ঘাটের ভাঙ্গন কবলিত এলাকা পরিদর্শনে এসে ভাঙ্গন রোধে প্রকৌশল বিভাগকে তাৎক্ষনিক কাজ করার নির্দেশ প্রদান করেছেন।

জানা গেছে, আমফানের প্রভাবে পদ্মা পাড়ের পূর্বাংশে স্পর্শকাতর পাটুরিয়া ফেরি ঘাট এলাকায় ব্যাপক ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। ইতোমধ্যে পাটুরিয়ার ৩, ৪ ও ৫ নং ফেরি ঘাট এলাকা বেশ ক্ষতিগ্রস্থ হয়েছে। এছাড়া, যমুনা তীরের আরিচার উত্তরের নিহালপুর থেকে দক্ষিণের প্রায় দু'কিলোমিটার এলাকা জুড়ে ভাঙ্গনে স্থানীয়দের মাঝে আতঙ্ক সৃস্টি হয়েছে। আরিচা ঘাটের কাছে ভাঙ্গন রোধে পানি উন্নয়ন বোর্ড চলতি মওসুমে মোটা টাকা ব্যয়ে ড্রেজিং কার্যক্রম চালালেও তাতে কোনো ফলপ্রসু হয়নি। এতে নদী ভাঙ্গন আরোও তীব্র আকার ধারণ করেছে বলে স্থানীয়রা নানা মন্তব্য করছে।

বিআইডব্লিউটিএ আরিচা অঞ্চলের নির্বাহী প্রকৌশলী নিজাম উদ্দিন পাঠান জানান, সংস্থার চেয়ারম্যান ও চিফ ইঞ্জিনিয়র মহোদয়ের তাৎক্ষনিক নির্দেশ মোতাবেক জরুরী ভিত্তিতে পাটুরিয়া ঘাট এলাকায় জিও ব্যাগ ফেলার সিদ্ধান্ত হয়েছে। আবহাওয়া অনুকুলে থাকলে আগামী দু'সপ্তাহের মধ্যে ভাঙ্গন রোধ সম্ভব হবে।

সংস্থার চেয়ারম্যানের উদ্ধৃতি দিয়ে তিনি সাংবাদিকদের আরোও জানান, স্পর্শকাতর পাটুরিয়া-দৌলতদিয়া রুটে ফেরি-লঞ্চ চলাচল স্বাভাবিক রাখতে ঘাট সংস্কারের কোনো বিকল্প নেই। তাই জরুরী ভিত্তিতে পাটুরিয়ার ৩টি ঘাট মেরামতের কাজ চলছে।

এদিকে, পানি উন্নয়ন বোর্ড মানিকগঞ্জ অঞ্চলের নির্বাহী প্রকৌশলী মো. মাঈন উদ্দিন জানিয়েছেন, যমুনা তীরবর্তী আরিচা এলাকায় ভাঙ্গন রোধে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী বৃহস্পতিবার সকাল থেকে জিও ব্যাগ প্রকল্পের প্রাথমিক কাজ শুরু হবে। প্রকল্পের গতি ও পরিধি বৃদ্ধির জন্য অতিরিক্ত বরাদ্দের আবেদন করা হয়েছে। নয়া দিগন্ত

সীমান্তে যুদ্ধের প্রস্তুতি নিতে বললেন চীনা প্রেসিডেন্ট

চীনের প্রেসিডেন্ট শি চিনপিং দেশটির সেনাবাহিনীকে সার্বভৌমত্ব রক্ষায় যুদ্ধের জন্য প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন। গতকাল মঙ্গলবার আইনশৃঙ্খলা বাহিনীর একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের সময় চীনের প্রেসিডেন্ট শি চিনপিং এই নির্দেশ দেন।

যদিও শি চিনপিং সেই সময় কোনো দেশের নাম উল্লেখ করেনি। তবে একদিকে ভারতের সঙ্গে সীমান্তে সংঘাত চলছে। পূর্ব লাদাখে সীমান্তরেখার বেশ কিছু অঞ্চলে ভারত ও চীনের সেনা সদস্যরা মুখোমুখি অবস্থান নিয়েছে। অন্তত ১০০ তাঁবু বানিয়ে লাদাখের কাছে ঘাঁটি গেড়েছে চীনের সেনা।

অন্যদিকে, ভাইরাস নিয়ে আমেরিকার সঙ্গে বাকযুদ্ধ তুঙ্গে। আবার দক্ষিণ চীন সাগরে মার্কিন নৌবাহিনীর সঙ্গে বিরোধ রয়েছে চীনের। এ ছাড়া হংকংয়ে নতুন করে বিক্ষোভ শুরু হয়েছে। এমন পরিস্থিতির মধ্যেই শি চিনপিং সেনাদের এই নির্দেশনা দিলেন।

ভারতের সংবাদমাধ্যম এনডিটিভি'র প্রতিবেদনে বলা হয়, মার্কিন যুক্তরাষ্ট্রের পর দ্বিতীয় বৃহত্তম সামরিক ব্যয়কারী দেশ চীন গত ২২ মে তার প্রতিরক্ষা বাজেট ৬.৬ শতাংশ বাড়িয়ে ১৭৯ বিলিয়ন ডলার করেছে। যা ভারতের তুলনায় তিনগুণ।

সূত্র: আমাদের সময়

২৭শে মে, ২০২০

৯০০ তালিবান মুজাহিদকে মুক্তি দিয়েছে কাবুল প্রশাসন

ঈদের আগে নতুনকরে মুক্তি পেয়েছে ৯০০ তালিবান মুজাহিদ। চুক্তি অনুযায়ী এই পর্বে ২ হাজার মুজাহিদকে মুক্তি দেওয়ার কথা থাকলেও মুক্তি দেওয়া হয়েছে ৯০০ জনকে।

আফগান মুসলিমদের শান্তিপূর্ণভাবে ঈদ উদযাপনের কথা বিবেচনায় রেখে ঈদের আগে তিনদিনের যুদ্ধবিরতি ঘোষণা করেছিলো তালিবান মুজাহিদিন। ঘোষণার পর কাবুল প্রশাসনও মুজাহিদিনের সাথে একাত্মতা পোষণ করে যুদ্ধবিরতি দেয়। যুদ্ধবিরোধীর পরপরই বন্দীমুক্তির বিষয়টি নিশ্চিত করেছে কাবুল প্রশাসন।

এদিকে কাবুল সরকার মুক্তিপ্রাপ্ত তালেবান মুজাহিদদের থেকে পুনরায় যুদ্ধে অংশগ্রহণ না করার শপথ নেওয়ার চেষ্টাও করেছিলো। এ বিষয়ে মুক্তিপ্রাপ্ত তালেবান মুজাহিদিন জানান, আমরা যুদ্ধে অংশগ্রহণ করবো কি করবো না এটা নির্ভর করে ইসলামি ইমারতের সিদ্ধান্তের উপর। আমরা তাদের ডাকে সাড়া দিতে প্রস্তুত।

চলতি বছর ক্রুসেডার আমেরিকা ও ইমারতে ইসলামিয়ার শান্তিচুক্তির পর প্রথমবারের মতো একসাথে এতোসংখ্যক মুজাহিদিন বন্দী মুক্তিলাভ করেছেন।

এদিকে প্রতিশ্রুতি অনুযায়ী তালিবান বন্দীদের মুক্তি দেয়ার পর মুজাহিদিনও আনঅফিশিয়ালি ২৫০ সরকারি সৈন্যকে মুক্তি দিয়েছেন।

কাবুল প্রশাসনের দাবিমতে, তারা এ পর্যন্ত ১,৯০০ তালেবান বন্দীকে মুক্তি দিয়েছে, বিপরীতে ইসলামি ইমারত মুক্তি দিয়েছে ২৬০ মুরতাদ সৈন্যকে।

উল্লেখ্য, মার্কিন-তালিবান শান্তিচুক্তি অনুযায়ী আন্তঃআফগান সংলাপের আগে কাবুল প্রশাসন ৫ হাজার তালেবান বন্দীকে মুক্তি দিবে। বিপরীতে তালেবান মুক্তি দিবে ১ হাজার সরকারি সৈন্য।

তালেবান প্রতিবার তাঁদের বার্তায় এটা স্পষ্টভাষায় বলে আসছে, ৫ হাজার কারাবন্দী তালেবান মুজাহিদকে মুক্তি দেওয়ার আগ পর্যন্ত আন্তঃআফগান আলোচনা শুরু হবেনা।

মুসলিম জনসাধারণের সাথে আনসারুত তাওহিদের ঈদ উৎসবের চিত্র

সিরিয়া ভিত্তিক সুন্নি জিহাদি গ্রুপ আনসারুত তাওহিদ এর মুজাহিদিন পবিত্র ঈদুল ফিতরে মুসলিম জনসাধারণের সাথে তাদের ঈদ উৎসবের কিছু আনন্দঘন মুহূর্তের ছবি প্রকাশ করেছেন...

https://alfirdaws.org/2020/05/27/38135/

সোমালিয়ায় কিসাসের বিধান কার্যকর করেছে হারকাতুশ শাবাব মুজাহিদিন

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়াতে আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন প্রতিষ্ঠিত ইসলামি ইমারতের একটি আদালত হত্যার দায়ে এক অপরাধীর উপর কিসাসের বিধান কার্যকর করেছে।

শাহাদাহ্ নিউজের বরাতে জানা যায়, মুজাহিদিনের নিয়ন্ত্রিত মধ্য সোমালিয়ার জালাজদুদ প্রদেশের আইল-বুরু শহরের একটি শরয়ি আদালত আলি মুহাম্মদ জিনু জামআলি নামের এক ব্যক্তির উপর কিসাসের (হত্যার পরিবর্তে হত্যা) বিধান কার্যকর করেছে। তার অপরাধ ছিলো সে ইচ্ছাকৃতভাবে একজন মুসলিমকে হত্যা করেছে।

আল-শাবাব মুজাহিদিনের হামলায় ১০ মুরতাদ সৈন্য নিহত

আফ্রিকা ভিত্তিক আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন সোমালিয়ার রাজধানী মোগাদিশুর বালআদ শহরে দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে একটি সফল অভিযান পরিচালনা করেছেন। গতকাল ২৬ মে এই অভিযান পরিচালনা করা হয়েছে।

শাহাদাহ নিউজের তথ্যমতে, হারাকাতুশ শাবাব মুজাহিদিনের উক্ত হামলায় ১০ মুরতাদ সৈন্য নিহত হয়েছে। আহত হয়েছে আরো একজন। হামলায় মুরতাদ বাহিনীর একটি সামরিকযান ধ্বংস হয়েছে।

ফটো রিপোর্ট | সোমালিয় মুরতাদ বাহিনীর ক্যাম্পে মুজাহিদদের হামলার দৃশ্য।

আল-কায়েদা সোমালিয়া শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিনের অফিসিয়াল আল-কাতায়েব মিডিয়া কর্তৃক পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে 'তাদের বিরুদ্ধে কঠোর হও' শিরোনামে ১৭ মিনিটের একটি নতুন ভিডিও প্রকাশ করা হয়েছে।

ভিডিওটিতে দক্ষিণ সোমালিয়ার শাবেলি রাজ্যে অবস্থিত দেশটির মুরতাদ বাহিনীর আইল সালানি নামক একটি সামরিক ক্যাম্পে মুজাহিদদের হৃদয় প্রশান্তিকর অভিযানের ভিডিও চিত্র দেখানো হয়েছে। অভিযানের ফলে ক্যাম্পটি বিজয় করে নিয়েছেন মুজাহিদিন।

https://alfirdaws.org/2020/05/27/38126/

সোমালিয়া | ক্রুসেডার ইথিউপিয়ান বাহিনীর সামরিক ঘাঁটিতে আল-শাবাব মুজাহিদিনের হামলা

আল-কায়েদা পূর্ব আফ্রিকা ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন ক্রুসেডার ইথিউপিয়ান বাহিনীর সামরিক ঘাঁটিতে একটি সফল অভিযান পরিচালনা করেছেন। গতোকাল ২৬ মে সোমালিয়ার দক্ষিণ-পশ্চিম জিযু রাজ্যের বার্দিরী শহরের বিমান বন্দরের নিকটি এই হামলা চালানো হয়।

শাহাদাহ নিউজের তথ্যমতে, হামলায় কয়েকজন ক্রুসেডার সৈন্য নিহত হয়েছে। ধ্বংস হয়েছে ক্রুসেডারদের বেশ কিছু সামরিক সরঞ্জামাদি।

দখলদার ইসরাইলি কারাগারে মুসলিমদের বেদনাময় ঈদ

নিজ ভূমে পরবাসীদের কথা, ফিলিস্তিনের গাজা উপত্যকারর বাসিন্দা নাসরিন আবু কামাল(৪৬) ২০১৫ সালের অক্টোবর মাস থেকে বন্দী আছেন দখলদার ইসরাইলের কারাগারে। গত ৬ বছরে একবারও তার আত্মীয়-স্বজনদের সাক্ষাৎ করতে দেয়া হয়নি এই নারীর সাথে। এমনকি ঈদের দিনগুলোতেও নয়।

ফলে নির্জন কারাপ্রকোষ্ঠে ঈদের আনন্দ কতটুকু সেটি আর বলার অপেক্ষা রাখে না। তবে একটি উপায়ে তিনি অবশ্য পরিবারের সাথে, সন্তানদের সাথে ‘সংযোগ’ স্থাপন করতে পারেন। সেটি ফিলিস্তিনের একটি রেডিও স্টেশনের মাধ্যমে।

রেডিও স্টেশনটি থেকে প্রতি বছর ঈদের দিনে একটি বিশেষ অনুষ্ঠানে নারী বন্দীদের- বিশেষ করে যেসব মায়েরা বন্দী আছেন ইসরাইলি কারাগারে তাদের পরিবারের সদস্যদের শুভেচ্ছা বার্তা (ভয়েস মেসেজ) প্রচার করা হয়। ইসরাইলি কারা কর্তৃপক্ষ অবশ্য সেই অনুষ্ঠানটি শোনার সুযোগ করে দেয় বন্দীদের।

পরিবার, সন্তানদের সাথে দেখা করতে না পারা একজন মা যখন তার আপন কারো কণ্ঠে রেডিওতে তার উদেশ্যে শুভেচ্ছা বার্তা শুনতে পান সেটি এক হৃদয় বিদারক পরিস্থিতির জন্ম দেয় কারাগারে।

গত বছর ঈদের সময় ইসরাইলি কারাগারে বন্দী ছিলেন গাজার আরেক নারী হাইফা আবু-এসবেই। ৬ বছর ধরে বন্দী থাকা নাসরিন আবু কামাল ঈদের দিন রেডিও অনুষ্ঠানে প্রিয়জনের কণ্ঠ শুনে কেমন করেছিলেন সেটি তিনি তুলে ধরেছেন সংবাদ মাধ্যমের কাছে।

হাইফা বলেন, ঈদের দিন বিকেলে নাসরিন যখন রেডিও অনুষ্ঠানে তারা সবচেয়ে ছোট সন্তানের কণ্ঠ শুনতে পান তখন একই সাথে তাকে প্রচন্ড আনন্দিত ও প্রচণ্ড দুঃখী মনে হয়েছে। অবুঝ শিশুর মতো আচরণ করেছেন তিনি। রেডিওতে প্রাণপ্রিয় সন্তানের সেই বার্তাটি প্রচারিত হওয়ার সময় তার চোখ ছিলো বন্ধ। মুখমণ্ডলে শুরুতে একরাশ আনন্দ ফুটে উঠলেও এরপরই সেখানে ভর করে যন্ত্রণা আর পরিবারকে কাছে পাওয়ার আকুলতা।

সংবাদ মাধ্যম "আনাদোলু এজেন্সিকে" দেয়া এক সাক্ষাৎকারে হাইফা বলেন, কারাগারের ঈদে কোন আনন্দ কিংবা উৎসব থাকে না। তবে ফিলিস্তিনি বন্দীরা একে অন্যকে প্রাণবন্ত রাখার চেষ্টা করেন। হাইফা কারাগারে ঈদের স্মৃতি স্মরণ করে বলেন, অনেক বিধিনিষেধ থাকলেও বন্দীরা কারারক্ষীদের চোখ এড়িয়ে নিজেদের আত্মাকে প্রশান্তি দেয়ার চেষ্টা করেন।

কেউ কেউ কারা কর্তৃপক্ষে কাছ থেকে পাওয়া সামান্য সামগ্রী দিয়ে ঈদ ক্যান্ডি বানান। কেউ অন্য বন্দী বা স্বজনদের উদ্দেশ্যে ঈদ বার্তা লেখেন হৃদয়গ্রাহী বাক্য দিয়ে।

হাইফা জানান, গত বছর ঈদের দিন তিনি সব নারী বন্দীদের চমকে দিয়েছিলেন। সবাই ঘুম থেকে উঠে দেখেছে মাথার কাছে মিষ্টি রাখা। সামান্য সামগ্রী পেয়ে দুই দিন সময় নিয়ে অল্প কিছু মিষ্টি বানিয়েছিলেন হাইফা।

হাইফা বলেন, আমাকে হাশারোন জেল থেকে দামন জেলে নেয়ার সময় লুকিয়ে ক্যান্ডি বানানোর সামগ্রী সাথে নিয়েছিলাম। এছাড়া ২০ জনের জন্য মিষ্টি তৈরি করেছি। কারাগারে কোন ওভেন ব্যবহারের সুযোগ ছিলো না তাই একটি গরম প্লেট আর একটি ছোট পাত্র ব্যবহার করেছি।

সাবেক কারাবন্দীরা বলেছেন, ওই অনুষ্ঠানটি ঈদের দিন এক আবেগঘন পরিবেশ সৃষ্টি করে কারাগারে। প্রিয়জনের কণ্ঠ শুনে কেউ প্রশান্তি অনুভব করেন, কেউ কান্নায় ভেঙে পড়েন, কেউবা ফেটে পড়েন ক্ষোভে।

দিনে দিনে কারাগারে কড়াকড়ি আরো বাড়ছে। আল-দামন কারাগারে গত বছর থেকে ঈদের নামাজ পড়তে দেয়া হয় না বন্দীদের। তবে কারা চত্বরে সবাইকে জড়ো করে যখন গননা করা হয়, তখন বন্দীরা শুভেচ্ছা বিনিময় করে নেন নিজেদের মাঝে।

প্যালেস্টাইনিয়ান প্রিজনার্স সোসাইটির তথ্য মতে, বর্তমানে ইসরাইলের আল-দামন কারাগারে বন্দী আছেন ৩৮ জন ফিলিস্তিনি নারী। যাদের মধ্যে তিন ভাগের একভাগ সন্তানের মা। কিন্তু সন্তানদের থেকে দূরে বন্দী প্রকোষ্ঠে কাটাতে হয়েছে তাদের এবারের ঈদও।

উল্লেখ্য যে, করোনাভাইরাস সংক্রমনের সময় থেকে গত তিন মাস ধরে কোন বন্দীকেই আপনজনদের সাথে এমনকি আইনজীবীদের সাথেও সাক্ষাৎ করতে দেয়া হচ্ছে না।

সূত্র : মিডল ইস্ট মনিটর।

২৬শে মে, ২০২০

ফটো রিপোর্ট | শিশুদের সাথে ঈদ উৎসব ভাগ করে নিচ্ছেন তানযিম হুররাস আদ-দ্বীন

ঈদুল ফিতর উপলক্ষ্যে আল-কায়েদা সিরিয়ান শাখা তানযিম হুররাস আদ-দ্বীন তাদের সামর্থ্য অনুযায়ী বাস্তুচ্যুত সিরিয়ান মুসলিমদের বিভিন্নভাবে সাহায্য করে যাচ্ছেন।

এর মাঝে ঈদ আনন্দকে কিছুটা ভাগাভাগি করে নিতে শিশুদেরকে তাদের প্রিয় খেলনাগুলোও উপহার দেওয়ার চেষ্টা করেছেন "তানযিম হুররাস আদ-দ্বীনের" মুজাহিদগণ।

https://alfirdaws.org/2020/05/26/38117/

দুই হাজার তালেবানকে মুক্তি দিবে তাগুত আফগান সরকার

দুই হাজার তালেবানকে মুক্তি দিবে তাগুত আফগান সরকার এ তথ্য জানিয়েছেন দেশটির প্রেসিডেন্টের মুখপাত্র সাদিক সিদ্দিকী।

ঈদুল ফিতর উপলক্ষে তালেবান কুফফার আফগান সরকারের বিরুদ্ধে তিন দিনের যুদ্ধবিরতি ঘোষণা দেয়। তারপর তাগুত প্রেসিডেন্ট আশরাফ গনি এই বন্দী মুক্তির পদক্ষেপ নিতে যাচ্ছে।

এ প্রসঙ্গে প্রেসিডেন্টের মুখপাত্র সাদিক সিদ্দিকী বলেন, 'শুভেচ্ছার নিদর্শন' হিসেবে এই বন্দীদের মুক্তি দেয়া হবে। ধারণা করা হচ্ছে, বন্দীদের মুক্তি দেয়ার ফলে দেশটিতে শান্তি প্রক্রিয়া কার্যকর করা আরো সহজ হয়ে উঠবে।

২০০১ সালে মার্কিন সামরিক অভিযানের পর ক্ষমতাচ্যুত হয় তালেবান। তবে দীর্ঘ ১৯ বছর ধরে যুদ্ধ চললেও দেশটিতে এখন পর্যন্ত তালেবান যোদ্ধাদের পরাজিত করতে পারেনি যুক্তরাষ্ট্র কিংবা তাদের সমর্থিত সরকার। এখনো নিয়মিত সরকারি ও মার্কিন বাহিনীর বিরুদ্ধে লড়াই করে হামলা চালিয়ে যাচ্ছে তালিবান মুজাহিদগণ।

আবু আফিয়া

মুখোমুখি ভারত ও চীনের সেনাবাহিনী, সীমান্তে উত্তেজনা বাড়ছে

লাদাখ ও সিকিম সীমান্তে প্রকৃত নিয়ন্ত্রণরেখা সংলগ্ন এলাকায় গত কয়েক দিন ধরে মুখোমুখি অবস্থান ধরে রেখেছে ভারত ও চীনের সেনাবাহিনী। এর জেরে পানগোং তাসো এবং গালওয়ান উপত্যকায় অতিরিক্ত সেনা মোতায়েন করেছে ভারত ও চীন। অস্থায়ী অবকাঠামোর পরিমাণও বাড়িয়েছে দুই দেশ।

গত ৫ মে পানগোং তাসো এলাকায় দুই দেশের সেনারা রড, লাঠি ও পাথর নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়লে উভয়পক্ষের বেশ কয়েকজন আহত হয়। ৯ মে উত্তর সিকিমেও একই ধরনের পরিস্থিতির উদ্ভব হয়। পরে ভারতীয় সেনাপ্রধান এমএম নারাভানে দাবি করেন, এগুলো খুবই সাধারণ ঘটনা। মাঠ পর্যায়ের কমান্ডার বদল হলে এসব ঘটনা ঘটতে পারে।

সোমবার ভারতের ঊর্ধ্বতন সেনাসূত্রের বরাত দিয়ে সম্প্রচারমাধ্যম এনডিটিভি পানগোং তাসো এবং গালওয়ান উপত্যকায় সেনা উপস্থিতি বাড়ানোর খবর জানিয়েছে।

এর আগে, ২০১৭ সালে দোকলাম সীমান্তে ৭৩ দিন ধরে মুখোমুখি অবস্থানে ছিল ভারত ও চীনের সেনাবাহিনী।

আমাদের সময়

নিজেদের মধ্যে সন্ত্রাসী আ.লীগের দুই গ্রুপের সংঘর্ষ, গুলিবিদ্ধ ৩

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলার আমানউল্যাহপুর ইউনিয়নে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সন্ত্রাসী আওয়ামী লীগের দুপক্ষের মধ্যে সংঘর্ষ ও গুলি বিনিময়ের ঘটনা ঘটে। এ ঘটনায় তিনজন গুলিবিদ্ধসহ অন্তত আটজন আহত হয়েছেন। এ ছাড়া কয়েকটি মোটরসাইকেল ভাঙচুর করা হয়েছে।

গতকাল সোমবার রাত ৯টার দিকে পলোয়ানপুল এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেন বেগমগঞ্জ মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ইকবাল বাহার চৌধুরী।

স্থানীয় সূত্রে জানা যায়, ঈদ উপলক্ষে রাত সাড়ে ৮টার দিকে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নূরুল হুদা খোকনের সমর্থকরা ১৫-১৬টি মোটরসাইকেল নিয়ে একটি শোডাউন বের করে। শোডাউনটি পলোয়ানপুল এলাকায় পৌঁছলে আমানউল্যাহপুর ইউনিয়ন চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতির সমর্থকরা তাতে বাধা দেয়। এতে সাধারণ সম্পাদক খোকনের লোকজনের সঙ্গে তাদের ধাওয়া পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় খোকনের লোকজন এলোপাতাড়ি গুলি করলে আরিফের তিন সমর্থক গুলিবিদ্ধ ও সংঘর্ষে উভয়পক্ষের আরও ৫জন আহত হয়। ভাঙচুর করা হয় ৩-৪টি মোটরসাইকেল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে আসার আগেই সংঘর্ষকারীরা পালিয়ে যায়। আমাদের সময়

সংঘর্ষের ঘটনায় গুলিবিদ্ধরা হলেন, আইয়ুবপুর গ্রামের সফিউল্লাহ'র ছেলে মিজানুর রহমান পলাশ (৩০), পশ্চিম জয়নারায়ণপুর গ্রামের আবু ছায়েদের ছেলে মো. হৃদয় (১৯) ও মহেষপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে পারভেজ (২৭)।

পুলিশ পরিদর্শক (তদন্ত) ইকবাল বাহার চৌধুরী বলেন, ‘এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আরিফ ও খোকন গ্রুপ সংঘর্ষে লিপ্ত হয়েছে। তবে কোনো পক্ষ থেকে এখনো কোনো অভিযোগ আসেনি। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।’

এবার তোরণ নির্মাণ নিয়ে সন্ত্রাসী আ.লীগের দুপক্ষের সংঘর্ষে নিহত ১, আহত ১৫

পটুয়াখালীর বাউফল উপজেলায় তোরণ নির্মাণকে কেন্দ্র করে সন্ত্রাসী আওয়ামী লীগের দুই পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। এ সময় উভয়পক্ষের অন্তত ১৪ জন নেতাকর্মী আহত হয়। এ ছাড়া একজন নিহত হয়েছে।

আজ রোববার দুপুরে উপজেলার বাউফল থানার সামনে এ ঘটনা ঘটে।

গুরুতর আহত নেতাকর্মীদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। পরে বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জাকির হোসেন ও পটুয়াখালী জেলার সিনিয়র সহকারী পুলিশ সুপার (সার্কেল বাউফল) মো. ফারুক হোসেনের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বাউফল থানার সামনের ব্রিজের ঢালে ডাকবাংলোর কাছে প্রতি বছর জাতীয় সংসদের প্রধান হুইপ আ স ম ফিরোজ সমর্থিত নেতাকর্মীরা বিশেষ দিন উপলক্ষে তোরণ নির্মাণ করে আসছে। আগের নির্মাণ করা একটি তোরণ সম্প্রতি ঘূর্ণিঝড় আম্পানে উপড়ে পড়ে।

এ সুযোগে বাউফল পৌরসভার মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক জিয়াউল হক জুয়েলের সমর্থিত কর্মীরা ওই স্থানে তোরণ নির্মাণ করার চেষ্টা চালায়। খবর পেয়ে আ স ম ফিরোজ সমর্থিত পৌর আওয়ামী লীগের সভাপতি ও নাজিরপুর ইউনিয়নের চেয়ারম্যান ইব্রাহিম ফারুক দলীয় কর্মীদের নিয়ে কাজে বাধা দেয়।

এক পর্যায়ে ঘটনাস্থলে মেয়র জিয়াউল হক জুয়েল পৌঁছে ইব্রাহিম ফারুকের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে। এর মধ্যে মেয়র গ্রুপের নেতাকর্মীরা চেয়ারম্যান ইব্রাহিম ফারুকের কর্মীদের ওপর হামলা করে। এতে জসিম (৩৪), শামিম (২৫), পৌর যুবলীগ সভাপতি মামুন খান (৪৭) ও ইয়ার খান (৪৩) আহত হয়। তারা সবাই প্রধান হুইপ সমর্থিত কর্মী।

সংঘর্ষের খবর উপজেলার আওয়ামী লীগের নেতাকর্মীদের মধ্যে ছড়িয়ে পড়লে প্রধান হুইপ সমর্থিত উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক কালাইয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম ফয়সাল আহম্মেদ মনির হোসেন মোল্লা তার নেতাকর্মীদের নিয়ে ঘটনাস্থলে পৌঁছালে উভয়পক্ষের কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় প্রধান হুইপ সমর্থিত কর্মী তাপস দাস (৩৪) ইমাম হোসেন (২৩) ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর জখম হলে তাদের উন্নত চিকিৎসার জন্য বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

হাসাপাতালে নেওয়া পর কতর্ব্যরত চিকিৎসক রাতে তাপস দাসকে মৃত ঘোষণা করেন। মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন যুবলীগ কর্মী তাপসের ভাই ছাত্রলীগ নেতা রাজিব দাস। তিনি জানান, অতিরিক্ত রক্তক্ষরণে রাত সাড়ে সাতটায় মারা যান তাপস।

ঘটনাস্থলে প্রধান হুইপ সমর্থিত উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মোতালেব হাওলাদার পৌছাঁলে ইউএনও ও সহকারী পুলিশ সুপার মো. ফারুক হোসেন উভয়পক্ষের নেতাদের নিয়ে বৈঠকের সিদ্ধান্ত নেয়।

এ বিষয়ে পৌর আওয়ামী লীগের সভাপতি ও নাজিরপুর ইউনিয়ন চেয়ারম্যান ইব্রাহিম ফারুক দৈনিক আমাদের সময়কে বলেন, 'থানা ডাকবাংলোর সামনে সেতুর মুখে তারাই তোরণ নির্মাণ করে আসছেন। আর পৌর মেয়রের তোরণ থানার পশ্চিম পাশে করে আসছে। তাহলে হঠাৎ করে তারা কোন কারণে আমাদের স্থানে তোরণ নির্মাণ করতে এলো।'

কারণ জিজ্ঞাসা করতেই মেয়র সমর্থিত নেতাকর্মীরা তার সাথের কর্মীদের ওপর লাঠিসোটা নিয়ে হামলা করে বলেও জানান তিনি।

পৌর মেয়র ও জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জিয়াউল হক জুয়েল জানান, তিনি করোনাভাইরাসের ওপর সচেতনতামূলক একটি সৌজন্য তোরণ করতে গেলে চেয়ারম্যান ইব্রাহিম ফারুক ও তার লোকজন এতে বাধা দেয়। এ বিষয় নিয়ে দুজনের মধ্যে কথা চলছিল। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা জাকির হোসেন তাকে ও চেয়ারম্যান ইব্রাহিম ফারুককে নিয়ে থানায় আলোচনার জন্য বসেন। পরে বের হয়ে দেখেন চেয়ারম্যান সমর্থিত লোকজন তার দলীয় নেতাকর্মীদের ওপর হামলা করে আহত করেছে।

সূত্র: আমাদের সময়

---

২৪ ঘণ্টায় সারা বিশ্বে সবচেয়ে বেশি মৃত্যু ব্রাজিলে

মহামারি করোনাভাইরাসে বিপর্যস্ত গোটা বিশ্ব। এই ভাইরাসে বিশ্বব্যাপী দিন দিন আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। সেইসঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যাও। করোনায় আক্রান্তের সংখ্যার দিক থেকে এখন শীর্ষ অবস্থানে রয়েছে যুক্তরাষ্ট্র। এরপরই দ্বিতীয় স্থানটি ব্রাজিলের দখলে।

গত ২৪ ঘণ্টায় বিশ্বের সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে ব্রাজিলে। পরিসংখ্যান সংস্থা ওয়ার্ল্ডোমিটারের তথ্য অনুযায়ী, করোনায় গত ২৪ ঘণ্টায় ব্রাজিলে ৭০৩ জনের মৃত্যু হয়েছে। আমাদের সময়

২৪ ঘণ্টায় মৃত্যুর সংখ্যায় এরপরে অবস্থান করছে যুক্তরাষ্ট্র। দেশটিতে গতকাল রোববার ৬১৭ জন করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে।

ব্রাজিলে এখন সর্বমোট মৃত্যুর সংখ্যা ২২ হাজার ৭১৬ জন। যা বিশ্বে সর্বোচ্চ মৃত্যুর হিসেবে ষষ্ঠ অবস্থানে রয়েছে। এরপরই মৃত্যুর সংখ্যায় পর্যায়ক্রমে রয়েছে ফ্রান্স, স্পেন, ইতালি, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।

এ ছাড়া আক্রান্তের সংখ্যায় যুক্তরাষ্ট্রের পরেই অবস্থান করছে ব্রাজিল। দেশটিতে আক্রান্তের সংখ্যা ৩ লাখ ৬৩ হাজার ৬১৮ জন। অপরদিকে যুক্তরাষ্ট্রে আক্রান্তের সংখ্যা ১৬ লাখ ৮৬ হাজার ৪৩৬ জন।

আমেরিকার নিষেধাজ্ঞার হুমকিতে স্নায়ুযুদ্ধের হুঁশিয়ারি চীনের

হংকংয়ের জন্য প্রস্তাবিত জাতীয় নিরাপত্তা আইনকে কেন্দ্র করে চীনের ওপর নিষেধাজ্ঞা আরোপের হুমকি দিয়েছে যুক্তরাষ্ট্র। গতকাল রোববার হোয়াইট হাউসের তরফ থেকে বলা হয়, প্রস্তাবিত ওই আইন কার্যকর হলে অর্থনৈতিক কেন্দ্র হিসেবে হংকংয়ের মর্যাদা হুমকির মুখে পড়বে। এদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন স্নায়ুযুদ্ধ শুরুর হুঁশিয়ারি দিয়ে বেইজিং বলেছে, 'রাজনৈতিক ভাইরাস' ছড়িয়ে নাগরিকদের চীনের বিরুদ্ধে অবস্থান নিতে বাধ্য করছে ওয়াশিংটন।

আজ সোমবার কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে বলা হয়, করোনা মহামারি মোকাবিলা ও বাণিজ্য চুক্তি নিয়ে সম্প্রতি যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে বাকযুদ্ধ জোরালো হয়েছে। এর মধ্যে গত শুক্রবার স্বায়ত্ত্বশাসিত অঞ্চল হংকংয়ে বিতর্কিত জাতীয় নিরাপত্তা আইন চালুর উদ্যোগ নেয় চীনের ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টি। এই আইনের কারণে হংকংয়ের আইন প্রণেতাদের বাদ দিয়েই দেশদ্রোহিতা, বিচ্ছিন্নতা এবং রাষ্ট্রদ্রোহিতার অপরাধে অভিযুক্তদের সাজা দেওয়ার সুযোগ পাবে চীনা কর্তৃপক্ষ। এতে স্বায়ত্ত্বশাসন খর্বের আশঙ্কায় বিক্ষোভ শুরু করেছে হংকংয়ের বাসিন্দারা। প্রস্তাবিত এই আইনের নিন্দায় সরব হয়েছে যুক্তরাষ্ট্র। শুক্রবার এই আইনকে হংকংয়ের স্বায়ত্ত্বশাসনের 'মৃত্যু ঘণ্টা' বলে অভিহিত করেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও।

গতকাল রোববার মার্কিন সংবাদমাধ্যম এনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে হংকংয়ের জন্য প্রস্তাবিত আইন নিয়ে যুক্তরাষ্ট্রের অবস্থান ব্যাখ্যা করেন দেশটির জাতীয় নিরাপত্তা উপদেষ্টা রবার্ট ও'ব্রায়েন। তিনি বলেন, 'মনে হচ্ছে এই জাতীয় নিরাপত্তা আইনের মাধ্যমে তারা (চীন) মূলত হংকংয়ের নিয়ন্ত্রণ নিতে চায়। আর তা যদি করা হয় তাহলে হংকং উচ্চমাত্রার স্বায়ত্তশাসন ভোগ করছে বলে মেনে নিতে ব্যর্থ হবেন (পররাষ্ট্র) মন্ত্রী মাইক পম্পেও। আর তেমন কিছু হলে হংকং ও চীনের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হতে পারে।'

উল্লেখ্য, ১৫০ বছর ঔপনিবেশিক শাসনে থাকার পর লিজ চুক্তির মেয়াদ শেষে ১৯৯৭ সালের ১ জুলাই হংকং চীনের কাছে ফেরত দেয় যুক্তরাজ্য। তখন থেকে বিশেষ প্রশাসনিক অঞ্চল হিসেবে

বিবেচিত হংকংকে ২০৪৭ সাল অবধি স্বায়ত্ত্বশাসনের নিশ্চয়তা দেয় চীন। এই সময়ে প্রতিরক্ষা ও পররাষ্ট্র নীতি বাদে অন্য সব বিষয়ে স্বায়ত্ত্বশাসন ভোগ করতে পারবে অঞ্চলটি। তবে গত বছর অঞ্চলটিতে ব্যাপক বিক্ষোভের পর নতুন আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে চীন।

